

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৩৩

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البيوع) পরিচ্ছেদঃ ৫৫. ঋণ গ্রহীতা সাহায্যপ্রাপ্ত

باب فِي الدَّائِنُ مُعَانُ

আরবী

أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ الْحِزَامِيُّ حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَعِيلَ بْنِ أَبِي فُدَيْكِ حَدَّتَنَا سَعِيدُ بْنُ سُفْيَانَ مَوْلَى الْأَسْلَمِيِّينَ عَنْ جَعْفَرِ بْنِ مُحَمَّدٍ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ جَعْفَرٍ قَالَ فَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللَّهَ مَعَ الدَّائِنِ حَتَّى يُقْضَى دَيْنُهُ مَا لَمْ يَكُنْ فَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللَّهَ مَعْ الدَّائِنِ حَتَّى يُقْضَى دَيْنُهُ مَا لَمْ يَكُنْ فِيمَا يَكْرَهُ اللَّهُ قَالَ وَكَانَ عَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرٍ يَقُولُ لِخَازِنِهِ اذْهَبْ فَخُذْ لِي بِدَيْنٍ فَإِنِي أَكْرَهُ أَنْ أَبِيتَ لَيْلَةً إِلَّا وَاللَّهُ مَعِي بَعْدَمَا سَمِعْتُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

২৬৩৩. আবদুল্লাহ ইবনে জাফর রাদ্বিয়াল্লাছ আনছ থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "ঋণগ্রস্ত ব্যক্তির ঋণ পরিশোধ না করা পর্যন্ত আল্লাহ তার সাথে থাকেন, যদি না সে আল্লাহর অপছন্দনীয় উদ্দেশ্যে ঋণ গ্রহণ করে থাকে।" রাবী বলেন, আবদুল্লাহ ইবনে জাফর রাদ্বিয়াল্লাছ আনছ তার কোষাধ্যক্ষকে বলতেন, যাও, আমার জন্য ঋণ গ্রহণ করো। কেননা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট যে হাদীস শুনেছি তারপর থেকে আল্লাহ আমার সঙ্গে থাকা ছাড়া একটি রাত কাটাতেও আমি অপছন্দ করি।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু মাজাহ, সাদাকাত ২৪০৯; আবৃ নুয়াইম, হিলইয়া ৩/২০৪; বুখারী, কাবীর ৩/৪৭৬; তাবারাণী, আওসাত নং ৪৬০; হাকিম ২/২৩; হাকিম বলেন, হাদীসটির সনদ সহীহ যদিও তারা বর্ণনা করেননি।' যাহাবী তা বজায় রেখেছেন। হাফিজ (ইবনু হাজার) ফাতহুল বারী ৫/৫৪ তে এ হাদীস উল্লেখ করে বলেছেন: এর সনদ হাসান।'



এর শাহিদ হাদীস রয়েছে মায়মুনাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে, আমরা যার তাখরীজ দিয়েছি মুসনাদুল মাওসিলী নং ৭০৮৩; সহীহ ইবনু হিব্বান নং ৫০৪১; মাওয়ারিদুয যাম'আন নং ১১৫৭ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু জা'ফার (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন